

০১ নভেম্বর ২০২৩ খ্রি:

তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে স্ব-খরচে প্রফেশনাল মাস্টার্স ইন ইনফরমেশন সায়েন্স এন্ড লাইব্রেরি ম্যানেজমেন্ট  
প্রোগ্রামের ৪র্থ ব্যাচে (জানুয়ারি-জুন, ২০২৪) ভর্তির প্রাথমিক নির্দেশিকা।

- ০১। প্রোগ্রামটি ০৬ মাস করে ৪টি সেমিস্টারে মোট ২৪ মাস মেয়াদী। প্রতি সেমিস্টার শেষে ফাইনাল পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- ০২। ভর্তির যোগ্যতা: যেকোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম স্নাতক ডিগ্রী। সনাতন পদ্ধতির ক্ষেত্রে কোন পরীক্ষায় ৩য় শ্রেণি এবং গ্রেডিং প্রদ্ধতির ক্ষেত্রে সিজিপিএ ২.৫-এর নিচে আবেদন গ্রহণযোগ্য হবে না।
- ০৩। ভর্তি ফরম **১৪ ডিসেম্বর ২০২৩ বৃহস্পতিবার** পর্যন্ত প্রোগ্রাম অফিস (কক্ষ নং: ১০২০) তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ, কলাভবন, ঢাকা বিশ্ববিদ্যালয় অথবা বিভাগের ওয়েবসাইট (<https://shorturl.at/bBFWZ> or <https://shorturl.at/wxNWY>) থেকে পাওয়া যাবে। Legal Size কাগজে প্রিন্টকৃত ফরম যথাযথভাবে পূরণ করে সকল পরীক্ষা পাশের মার্কশীটের সত্যায়িত ফটোকপি এবং ০২ কপি পাসপোর্ট সাইজ ছবি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। সঠিকভাবে পূরণকৃত ভর্তি ফরম ও নগদ ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ফি বর্ণিত সময়ের মধ্যে জমা দিয়ে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র সংগ্রহ করতে হবে।
- ০৪। সপ্তাহের প্রতি বৃহস্পতি, শুক্র ও শনিবার ক্লাস অনুষ্ঠিত হবে।
- ০৫। কোর্স ফি সর্বমোট ১৩০,০০০/- (এক লক্ষ ত্রিশ হাজার) টাকা।  
ক. ভর্তির সময় রেজিস্ট্রেশন ও প্রথম সেমিস্টার ফি বাবদ = ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা।  
খ. পরবর্তী প্রতি সেমিস্টারে ৩০,০০০/- (ত্রিশ হাজার)×০৩ সেমিস্টার = ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা।
- ০৬। সেমিস্টার পরীক্ষার ফি (প্রতি সেমিস্টার ৫০০০×০৪ সেমিস্টার) সর্বমোট ২০,০০০/- (বিশ হাজার) টাকা। প্রতি সেমিস্টার পরীক্ষার ফরম পূরণের সময় উক্ত সেমিস্টারের পরীক্ষার ফি প্রদান করতে হবে।
- ০৭। আগামী **১৫ ডিসেম্বর ২০২৩ শুক্রবার** সকাল ১০:০০টায় ভর্তি পরীক্ষা (৫০ নম্বরের লিখিত ও ১০ নম্বরের মৌখিক) অনুষ্ঠিত হবে। প্রশ্নের ধরন হবে MCQ ও রচনামূলক (সাধারণ জ্ঞান, বাংলা ও ইংরেজি)। সময় ১ ঘণ্টা।
- ০৮। ভর্তি পরীক্ষার ফলাফল (লিখিত ও মৌখিক) ১৭ ডিসেম্বর ২০২৩ রবিবার বিভাগীয় নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

*Sk. Mamun*

(ড. শেখ মামুন মোস্তফা)

কো-অর্ডিনেটর, প্রফেশনাল মাস্টার্স প্রোগ্রাম (৪র্থ ব্যাচ)

তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগ

ঢাকা বিশ্ববিদ্যালয়।